মন্ত্রণালয়/বিভাগ সমূহের বার্ষিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নাম ঃ পুলিশ হেডকোয়ার্টার্স

আওতাধীন অধিদপ্তর/সংস্থার সংখ্যা ঃ -

প্রতিবেদনাধীন বছরের নাম ঃ ২০১৫-২০১৬ অর্থ বছর।

প্রতিবেদন প্রস্তুতির তারিখ ঃ ২১/০৭/২০১৬ খ্রি.

৯.২ প্রতিবেদনাধীন অর্থ বছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি ঃ

প্ল্যানিং এন্ড রিসার্চ সংক্রান্তঃ

ক) Memorandum of Understanding between Australian Federal Police and Bangladesh Police on Combating Transnational Crime and Developing Police Cooperation সংক্রান্তে সমঝোতা স্মারক স্বাক্ষর সংক্রান্ত।

খ) Bangladesh Agricultural Research Council (BARC) ও International Centre for Research of Agro Forestry (ICRAF) এর মধ্যে স্বাক্ষরের জন্য খসড়া সমঝোতা স্মারকের উপর মতামত প্রদান।

গ) National Committee on International Humanitarian Law (IHL) কমিটি সংক্রান্ত পত্রের উপর মতামত প্রদান।

ঘ) সড়ক পরিবহন আইন, ২০১৬ খসড়ার উপর মতামত প্রদান।

ঙ) শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৫-১৬ এর উপর মতামত প্রদান।

চ) নৌ পুলিশ এবং ট্যুরিস্ট পুলিশের জন্য পৃথক পৃথকভাবে প্রস্তুতকৃত খসড়া বিধিমালা, ২০১৬ সংক্রান্ত।

ছ) ২০১৬-২০১৭ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) স্বাক্ষর সংক্রান্ত।

জ) পরিদর্শন নির্দেশিকা প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে।

ঝ) বাংলাদেশ পুলিশ বাজেটে ২০১৩-২০১৪ অর্থ বছর হতে সাংবিধানিক, প্রাতিষ্ঠানিক, অপারেশনাল ইউনিট ও অর্থনৈতিক কোডে ব্যয় নির্বাহের জন্য "৪৮২৯-গবেষণা ব্যয়" নামে নতুন একটি খাত সৃষ্টি করা হয়েছে। গবেষণা কর্ম পরিচালনার জন্য ইতোমধ্যে একটি গবেষণা নীতিমালা প্রণীত হয়েছে এবং গবেষণা নীতিমালার দ্বিতীয় অধ্যায়ের বিধি ২.৩ মোতাবেক বাংলাদেশ পুলিশের গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য "বাংলাদেশ পুলিশ গবেষণা কমিটি" গঠিত হয়। গবেষণা কার্যক্রম শুরুর সময় থেকে ২০১৩-২০১৪ অর্থ বছরে ০৯টি ও ২০১৪-২০১৫ অর্থ বছরে ১৪টি গবেষণা কর্ম সম্পন্ন হয়েছে। ২০১৫-২০১৬ অর্থ বছরে বিভিন্ন ইউনিট কর্তৃক নিম্নবর্ণিত ১৫টি গবেষণা কর্ম পরিচালিত হয়েছে-

Police Headquarters:

Sl. No	Research Title (Fiscal Year : 2015-2016)
1.	1) Road Accidents in Highways and Role of Stakeholders in Reducing Accident : An in-depth analysis.
2.	2) Human Trafficking Issues and Its Propensity and Intensity in Bangladesh: An Empirical Analysis.
3.	3) Lack of Interactions and Challenges of Effective Community Policing in Bangladesh: A comprehensive Study.

Dhaka Metropolitan Police:

4.	1) A Study on Police Station-People's Expectation and Police Response: Challenges and Opportunities.
5.	2) Future Traffic of Dhaka City-Citizens' Response and Challenges of Enforcement.

Police Staff College Bangladesh:

6.	1) Land Conflict & Crime : Bangladesh Perspective (Phase-II).
7.	2) Impact of Police Staff College (PSC) Conducted Training at Unit Level Policing: An Analysis.
8.	3) Crime Incidence & Time: Rural & Urban Perspective.
9.	4) Impact of Investigation Cost on Criminal Case Investigation: An Empirical Analysis.

Criminal Investigation Department (CID)

10.	Effective Use of Money Laundering Act, 2012 : A Challenge for CID, Bangladesh Police

Police Bureau of Investigation(PBI)

11.	Current Investigation Tools and Its Competitive Strength: Bangladesh Police Perspective.

Industrial Police

12.	Role of Industrial Police in Maintaining Workplace Environment and Industrial Growth: An Empirical Analysis.

Tourist Police

13.	Strategic Role of Tourist Police in Promoting Tourism in Bangladesh: Challenges and Opportunities.

Rapid Action Battalion (RAB)

14.	1) Extremists Activities in Bangladesh : Impact of RAB Forces Activities – A Perceptional Study.
15.	2) Violent Extremism in Bangladesh : A Study on Youth Perception.

অপারেশনস্ সংক্রান্তঃ

(ক) মনিটরিং এন্ড কো অর্ডিনেশন সেল স্থাপন ঃ

বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক ইভেন্ট এবং বিশেষ সময়ে সারাদেশের সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি মনিটরিং করার জন্য পুলিশ হেডকোয়ার্টার্স ঢাকায় অপারেশন্স কন্ট্রোল রুমে মনিটরিং এন্ড কো-অর্ডিনেশন সেল স্থাপন করা হয়। জুলাই ২০১৫ হতে জুন ২০১৬ পর্যন্ত বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক ইভেন্ট উপলক্ষে গঠিত মনিটরিং এবং কো অর্ডিনেশন সেল গঠন সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদত্ত হ'ল।

	ক্রমিক	ইভেন্ট	সময়কাল	মন্তব্য
জুলাই ২০১৫	১.	দক্ষিণ আফ্রিকা জাতীয় ক্রিকেট দলের বাংলাদেশ সফর ২০১৫	০১-৩১ জুলাই ২০১৫ পর্যন্ত	
	২.	পবিত্র মাহে রমজান ও ঈদ-উল ফিতর ২০১৫	১৯ জুন ২০১৫ তারিখ হতে ১৮ জুলাই ২০১৫ তারিখ পর্যন্ত	
	৩.	পবিত্র ঈদ-উল-ফিতর ২০১৫	১৬ জুলাই-২২ জুলাই ২০১৫ তারিখ পর্যন্ত	

আগস্ট ২০১৫	১.	জাতীয় শোক দিবস, দক্ষিণ আফ্রিকা ক্রিকেট দলের বাংলাদেশ সফর	০১-৩১ আগস্ট ২০১৫	
	২.	সাফ অনূর্ধ্ব-১৬ ফুটবল চ্যাম্পিয়নশীপ	০৯ আগস্ট-১৮ আগস্ট ২০১৫	
	৩.	শারীরিক প্রতিবন্ধীদের নিয়ে আইসিআরসি আন্তর্জাতিক টি-টুয়েন্টি ক্রিকেট টুর্নামেন্ট-২০১৫	২৮ আগস্ট-৩১ আগস্ট ২০১৫	
সেপ্টেম্বর ২০১৫	১.	ঈদ-উল আযহা ২০১৫	২১-২৭ সেপ্টেম্বর ২০১৫	
অক্টোবর ২০১৫	১.	দুর্গাপূজা ২০১৫	১২-২৬ অক্টোবর ২০১৫	
নভেম্বর ২০১৫	১.	বাংলাদেশ প্রিমিয়ার লীগ টি-২০ (বিপিএল-২০) ২০১৫ এবং অস্ট্রেলিয়া ফুটবল দলের বাংলাদেশ সফর	২২ নভেম্বর - ১৫ ডিসেম্বর ২০১৫ পর্যন্ত	
ডিসেম্বর ২০১৫	১.	পৌরসভা সাধারণ নির্বাচন ২০১৫	২৯-৩১ ডিসেম্বর ২০১৫ পর্যন্ত	
জানুয়ারি ২০১৬	১.	অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ ক্রিকেট-২০১৬	২০ জানুয়ারি ২০১৬-১৬ ফেব্রুয়ারি ২০১৬ পর্যন্ত	
ফেব্রুয়ারি ২০১৬	১.	এশিয়া কাপ ক্রিকেট-২০১৬	১৬ ফেব্রুয়ারি ২০১৬ হতে ০৬ মার্চ/২০১৬ পর্যন্ত	
	২.	শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৬	২১ ফেব্রুয়ারি ২০১৬	
	৩.	অমর একুশে গ্রন্থ মেলা ২০১৬	১-২৯ ফেব্রুয়ারি ২০১৬ পর্যন্ত	
	৪.	এসএসসি পরীক্ষা-২০১৬	১ ফেব্রুয়ারি ০৮ মার্চ ২০১৬ পর্যন্ত	
মার্চ ২০১৬	১.	অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ ক্রিকেট-২০১৬	১৬ ফেব্রুয়ারি ২০১৬ হতে ০৬ মার্চ/২০১৬ পর্যন্ত	
	২.	এএফসি কাপ ফুটবলঃ শেখ জামাল-সিংগাপুর-মালয়েশিয়া দলের ম্যাচ	৮-১৫ মার্চ ২০১৬	
	৩.	জাতির জনক এর জন্মদিবস এবং জাতীয় শিশু দিবস	১-২৯ মার্চ ২০১৬ পর্যন্ত	
	৪.	ইউনিয়ন পরিষদ নির্বাচন ২০১৬ এর ১ম ও ২য় পর্যায়	২২ ও ৩১ মার্চ ২০১৬	
	৫.	মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৬	২৬ মার্চ ২০১৬	
	৬.	এসএসসি পরীক্ষা-২০১৬	১ফেব্রুয়ারি ০৮মার্চ ২০১৬ পর্যন্ত	
এপ্রিল ২০১৬	১.	বাংলা নববর্ষ (১ বৈশাখ)	১৪ এপ্রিল ২০১৬	
	২.	ইউনিয়ন পরিষদ নির্বাচন ২০১৬ এর ৩য় পর্যায়	২৩ এপ্রিল ২০১৬	
	৩.	এইচএসএসসি পরীক্ষা-২০১৬	০৩ এপ্রিল-০৯ জুন ২০১৬	
মে ২০১৬	১.	ইউনিয়ন পরিষদ নির্বাচন ২০১৬ এর ৪র্থ ও ৫ম পর্যায়	৭ ও ২৮ মে ২০১৬	
	২.	এইচএসএসসি পরীক্ষা-২০১৬	০৩ এপ্রিল-০৯ জুন ২০১৬	
জুন ২০১৬	১.	ইউনিয়ন পরিষদ নির্বাচন ২০১৬ এর ৬ষ্ঠ পর্যায়	৪ জুন ২০১৬	
	২.	এইচএসএসসি পরীক্ষা ২০১৬	০২-০৯ জুন ২০১৬	

(খ) বর্ণিত অর্থ বছরে নিম্নলিখিত ভিভিআইপি ডিউটি সফলতার সাথে সম্পন্ন করা হয় ঃ

ক্রমিক নং	সফরসূচী	সফরকাল/তারিখ
১.	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বাংলাদেশ ছাত্রলীগের ২৮তম জাতীয় সম্মেলন উপলক্ষে সোহ্‌রাওয়ার্দী উদ্যানে গমনাগমন	২৫ জুলাই ২০১৫
২.	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর গোপালগঞ্জ জেলা সফর	১৫ আগস্ট ২০১৫
৩.	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর খুলনা সফর	৩০ আগস্ট-০৬ সেপ্টেম্বর ২০১৫
৪.	সুপ্রীম কোর্টের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের চট্টগ্রাম ও খাগড়াছড়ি জেলা সফর	১-৪ সেপ্টেম্বর ২০১৫
৫.	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী যুক্তরাজ্য সফর শেষে ঢাকায় প্রত্যাবর্তনকালে সিলেট সফর	০৩ অক্টোবর ২০১৫
৬.	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর কুড়িগ্রাম জেলা সফর	১৫ অক্টোবর ২০১৫
৭.	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির কক্সবাজার জেলা ও চট্টগ্রাম সফর	১১ নভেম্বর ২০১৫
৮.	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি খুলনা বিশ্ববিদ্যালয়ে ৫ম সমাবর্তন অনুষ্ঠানে যোগদানের লক্ষ্যে খুলনা মহানগর সফর	২৫ নভেম্বর ২০১৫
৯.	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর বগুড়া জেলা সফর	১২ নভেম্বর ২০১৫
১০.	Her Majesty Queen Maxima Queen of the Netherlands এর বাংলাদেশে সফর	১৬-১৮ নভেম্বর ২০১৫
১১.	নেদারল্যান্ডের রাণী'র গাজীপুর জেলা সফর	১৭ নভেম্বর ২০১৫
১২.	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর মুন্সিগঞ্জ ও শরীয়তপুর জেলা সফর	১২ ডিসেম্বর ২০১৫
১৩.	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহামান্য রাষ্ট্রপতি এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে বিভিন্ন ভেন্যুতে গমনাগমন	১৪ ডিসেম্বর ২০১৫
১৪.	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর মহান বিজয় দিবস উপলক্ষে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ	১৬ ডিসেম্বর ২০১৫
১৫.	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া উপজেলা সফর	৮ জানুয়ারি ২০১৬
১৬.	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির কিশোরগঞ্জ জেলা সফর	১৩-১৫ জানুয়ারি ২০১৬
১৭.	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর সিলেট মহানগর সফর	২১ জানুয়ারি ২০১৬
১৮.	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক কারা সপ্তাহ-২০১৫ উদ্বোধন	২০ জানুয়ারি ২০১৬
১৯.	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর চট্টগ্রাম সফর	৩০ জানুয়ারি ২০১৬
২০.	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর গাজীপুর সফর	৫ ফেব্রুয়ারি ২০১৬
২১.	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর গাজীপুর সফর	১১ ফেব্রুয়ারি ২০১৬
২২.	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী অমর একুশে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৬ উপলক্ষে বিভিন্ন ভেন্যুতে গমনাগমন	২১ ফেব্রুয়ারি ২০১৬
২৩.	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির জামালপুর জেলা সফর	২২-২৩ ফেব্রুয়ারি ২০১৬
২৪.	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর কক্সবাজার জেলা সফর	১০ মার্চ ২০১৬
২৫.	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর গাজীপুর জেলা সফর	২৩ মার্চ ২০১৬
২৬.	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৬ উপলক্ষে স্মৃতিসৌধে গমনাগমন	২৬ মার্চ ২০১৬

ক্রমিক নং	সফরসূচী	সফরকাল/তারিখ
২৭.	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর গোপালগঞ্জ জেলা সফর	৩০ এপ্রিল ২০১৬
২৮.	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর কমলাপুর রেলওয়ে স্টেশনে বাংলাদেশ রেলওয়ের নতুন ক্রয়কৃত ১৭০টি বিজি এবং ১০০টি এমজিসহ মোট ২৭০টি কোচ দিয়ে ট্রেন পরিচালনা কার্যক্রমের শুভ উদ্বোধন	২৫ জুন ২০১৬

(গ) নিম্নবর্ণিত জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া সফলভাবে সম্পন্ন করা হয় ঃ

ক্রমিক	ইভেন্ট	স্থান	তারিখ
১.	বাংলাদেশ ক্রিকেট টিম বনাম দক্ষিণ আফ্রিকা ক্রিকেট টিমের মধ্যে ম্যাচ	ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা	৫ জুলাই ২০১৫ ৭ জুলাই ২০১৫ ১০ জুলাই ২০১৫ ১২ জুলাই ২০১৫
২.	বাংলাদেশ ক্রিকেট টিম বনাম দক্ষিণ আফ্রিকা ক্রিকেট টিমের মধ্যে ম্যাচ	নারায়ণগঞ্জ জেলা	১৪ জুলাই ২০১৫
৩.	সাফ অনূর্ধ্ব-১৬ চ্যাম্পিয়নশীপ-২০১৫ এর ফুটবল ম্যাচ	সিলেট মেট্রোপলিটন পুলিশ	০৯-১৮ আগস্ট ২০১৫
৪.	আবু নাসের স্টেডিয়ামে জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে বাংলাদেশ বনাম জিম্বাবুয়ে ক্রিকেট টিমের সাথে ৪টি টি-২০ খেলা উপলক্ষে	কেএমপি	৪ দিন
৫.	আইসিসি অনূর্ধ্ব ১৯ বিশ্বকাপ ক্রিকেট খেলা উপলক্ষে টি-২০ অনুশীলন ম্যাচ	নারায়ণগঞ্জ	২২ জানুয়ারি -১৩ ফেব্রুয়ারি ২০১৬
৬.	আইসিসি অনূর্ধ্ব ১৯ বিশ্বকাপ ক্রিকেট খেলা উপলক্ষে টি-২০ অনুশীলন ম্যাচ	চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম	২১ জানুয়ারি -২ ফেব্রুয়ারি ২০১৬
৭.	আইসিসি অনূর্ধ্ব ১৯ বিশ্বকাপ ক্রিকেট খেলা উপলক্ষে টি-২০ অনুশীলন ম্যাচ	কক্সবাজার জেলা	২৭ জানুয়ারি -১২ ফেব্রুয়ারি ২০১৬
৮.	আইসিসি অনূর্ধ্ব ১৯ বিশ্বকাপ ক্রিকেট খেলা উপলক্ষে টি-২০ অনুশীলন ম্যাচ	ঢাকা জেলা	২০-২৫ জানুয়ারি ২০১৬
৯.	আইসিসি অনূর্ধ্ব ১৯ বিশ্বকাপ ক্রিকেট খেলা উপলক্ষে টি-২০ অনুশীলন ম্যাচ	ডিএমপি, ঢাকা	২৩ জানুয়ারি ২০১৬ হতে খেলা শেষ না হওয়া পর্যন্ত
১০.	আইসিসি অনূর্ধ্ব ১৯ টি-২০ বিশ্বকাপ ক্রিকেট খেলা উপলক্ষে	সিলেট	২৮ জানুয়ারি -২ ফেব্রুয়ারি ২০১৬
১১.	আইসিসি অনূর্ধ্ব ১৯ টি-২০ বিশ্বকাপ ক্রিকেট খেলা উপলক্ষে	নারায়ণগঞ্জ	২২ জানুয়ারি -১৩ ফেব্রুয়ারি ২০১৬
১২.	এশিয়া কাপ টি-২০ খেলা	ডিএমপি	১৭ ফেব্রুয়ারি হতে ৭ মার্চ ২০১৬
১৩.	এশিয়া কাপ টি-২০ খেলা	নারায়ণগঞ্জ	১৮ ফেব্রুয়ারি হতে ৪ মার্চ ২০১৬

(ঘ) পুলিশ হেডকোয়ার্টার্স কর্তৃক নিম্নবর্ণিত স্থানীয় নির্বাচন সফলভাবে সম্পন্ন হয় ঃ

ক্রমিক	ইভেন্ট	সময়কাল
১.	দোহার উপজেলা পরিষদ উপ-নির্বাচন	২০-২৩ সেপ্টেম্বর ২০১৫
২.	পৌরসভা সাধারণ নির্বাচন ২০১৫ উপলক্ষে ফোর্স মোতায়েন	২৭ ডিসেম্বর ২০১৫-১ জানুয়ারি ২০১৬
৩.	ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন ২০১৬ এর ১ম পর্যায় উপলক্ষে মোতায়েনকৃত ফোর্স	১৯-২৪ মার্চ ২০১৬ পর্যন্ত
৪.	ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন ২০১৬ এর ২য় পর্যায় উপলক্ষে মোতায়েনকৃত ফোর্স	২৯ মার্চ-২ এপ্রিল ২০১৬ পর্যন্ত

৫.	ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন ২০১৬ এর ৩য় পর্যায় উপলক্ষে মোতায়েনকৃত ফোর্স	২০-২৫ এপ্রিল ২০১৬ পর্যন্ত
৬.	ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন ২০১৬ এর ৪র্থ পর্যায় উপলক্ষে মোতায়েনকৃত ফোর্স	৪-৯ মে ২০১৬ পর্যন্ত
৭.	ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন ২০১৬ এর ৫ম পর্যায় উপলক্ষে মোতায়েনকৃত ফোর্স	২৬-২৯ মে ২০১৬ পর্যন্ত
৮.	ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন ২০১৬ এর ৬ষ্ঠ পর্যায় উপলক্ষে মোতায়েনকৃত ফোর্স	০২-০৫ জুন ২০১৬ পর্যন্ত

অর্গানাইজেশন এন্ড ম্যানপাওয়ার সংক্রান্তঃ

ক্রমিক নং	বিবরণ
১.	মাদারীপুর জেলার জন্য সাংগঠনিক কাঠামোতে ৮২ টি পদ সৃজন
২.	ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি) এর জন্য ৭১৩৯ টি পদ সৃজন
৩.	রেলওয়ে পুলিশের সাংগঠনিক কাঠামো সংস্কারের জন্য ৭৭০ টি পদ সৃজন
৪.	কুমিল্লা জেলার মুরাদনগর থানাকে বিভক্ত করে "বাঙ্গরাবাজার" নামে নতুন থানা প্রতিষ্ঠা এবং এর কার্যক্রম পরিচালনার জন্য ৪৪ টি পদ সৃজন
৫.	চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ (সিএমপি) এর জন্য ১২৯৪ টি পদ সৃজন
৬.	৯ টি আর্মড পুলিশ ব্যাটালিয়ন (বিমানবন্দরের নিরাপত্তায় নিয়োজিত ৮ এপিবিএন ও নারী এপিবিএন ব্যতিত) এর জন্য ২৭০ টি পদ সৃজন
৭.	স্পেশাল ব্রাঞ্চ (এসবি) এর সাংগঠনিক কাঠামোতে ১০৬৬ টি পদ সৃজন
৮.	পুলিশ বাহিনীর সাংগঠনিক কাঠামোতে ২টি অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক (গ্রেড-২) এর পদ সৃজন (টেলিকম-১টি ও রেলওয়ে-১টি)
৯.	পুলিশ অধিদপ্তরের আওতাধীন হাইওয়ে পুলিশের সাংগঠনিক কাঠামোতে ৬২৮ টি পদ সৃজন
১০.	৮ম এপিবিএন (আর্মড পুলিশ ব্যাটালিয়ন) এর সাংগঠনিক কাঠামো সংস্কারের জন্য ৪২ টি পদ সৃজন
১১.	বরিশাল মেট্রোপলিটন পুলিশ (বিএমপি) এর জন্য ৮০১টি পদ সৃজন
১২.	পুলিশ অধিদপ্তরের আওতাধীন রাজশাহী রেঞ্জ অফিসের সাংগঠনিক কাঠামো সংস্কারের জন্য ৩০ টি পদ সৃজন
১৩.	পুলিশ অধিদপ্তরের আওতাধীন ঢাকা রেঞ্জ অফিসের সাংগঠনিক কাঠামো সংস্কারের জন্য ৫১ টি পদ সৃজন
১৪.	পুলিশ অধিদপ্তরের আওতাধীন সিলেট রেঞ্জ অফিসের সাংগঠনিক কাঠামো সংস্কারের জন্য ২০ টি পদ সৃজন
১৫.	পুলিশ অধিদপ্তরের আওতাধীন খুলনা রেঞ্জ অফিসের সাংগঠনিক কাঠামো সংস্কারের জন্য ২৮ টি পদ সৃজন
১৬.	পুলিশ অধিদপ্তরের আওতাধীন চট্টগ্রাম রেঞ্জ অফিসের সাংগঠনিক কাঠামো সংস্কারের জন্য ৪৩ টি পদ সৃজন
১৭.	পুলিশ অধিদপ্তরের আওতাধীন রংপুর রেঞ্জ অফিসের সাংগঠনিক কাঠামো সংস্কারের জন্য ২৯ টি পদ সৃজন
১৮.	পুলিশ অধিদপ্তরের আওতাধীন বরিশাল রেঞ্জ অফিসের সাংগঠনিক কাঠামো সংস্কারের জন্য ২৪ টি পদ সৃজন
১৯.	গাজীপুর জেলার কাপাসিয়া থানাধীন টোকনয়ন বাজার পুলিশ তদন্তকেন্দ্র স্থাপন এবং এর কার্যক্রম পরিচালনার জন্য ১৭ টি পদ সৃষ্টি
২০.	ফরিদপুর জেলার সদরপুর উপজেলাধীন আকোটেরচর বাজারে একটি পুলিশ তদন্তকেন্দ্র প্রতিষ্ঠা এবং এর কার্যক্রম পরিচালনার জন্য ১৭ টি পদ সৃজন
২১.	ক্রিমিনাল ইনভেস্টিগেশন ডিপার্টমেন্ট (সিআইডি) এর সাংগঠনিক কাঠামোতে ২৫৬ টি পদ সৃজন
২২.	বান্দরবান জেলার ৩ টি থানায় (সদর, রোয়াংছড়ি ও আলীকদম) ৪টি পুলিশ তদন্তকেন্দ্র যথা ঃ টংকাবতী, সুয়ালক, তারছা বাজার ও কুরুকপাড়া প্রতিষ্ঠা এবং এর কার্যক্রম পরিচালনার জন্য ৬৮ টি পদ সৃজন
২৩.	সিলেট মেট্রোপলিটন পুলিশ (এসএমপি) এর সাংগঠনিক কাঠামোতে ৬৬০ টি পদ সৃজন

ক্রমিক নং	বিবরণ
২৪.	পুলিশ স্টাফ কলেজ এর সাংগঠনিক কাঠামোতে ৬২টি পদ সৃষ্টি
২৫.	পটুয়াখালী জেলার রাঙ্গাবালী থানাধীন চরমোন্তাজ পুলিশ তদন্তকেন্দ্র প্রতিষ্ঠা এবং এর কার্যক্রম পরিচালনার জন্য ১৭টি পদ সৃজন
২৬.	চট্টগ্রাম জেলার ভুজপুর থানাধীন উদালিয়া পুলিশ তদন্তকেন্দ্র প্রতিষ্ঠা এবং এর কার্যক্রম পরিচালনার জন্য ১৭টি পদ সৃজন
২৭.	চট্টগ্রাম জেলার চন্দনাইশ থানাধীন দোহাজারী পুলিশ তদন্তকেন্দ্র প্রতিষ্ঠা এবং এর কার্যক্রম পরিচালনার জন্য ১৭টি পদ সৃজন
২৮.	বরগুনা জেলার বেতাগী থানাধীন চান্দুখালী বাজার পুলিশ তদন্তকেন্দ্র প্রতিষ্ঠা এবং এর কার্যক্রম পরিচালনার জন্য ১৭টি পদ সৃজন
২৯.	নওগাঁ জেলার মহাদেবপুর থানাধীন রাইগাঁ-মাতাজিহাট পুলিশ তদন্তকেন্দ্র প্রতিষ্ঠা এবং এর কার্যক্রম পরিচালনার জন্য ১৭টি পদ সৃজন
৩০.	ভোলা জেলার চর শশীভূষণ থানার জন্য বিদ্যমান পদের অতিরিক্ত ১৭টি পদ সৃজন
৩১.	ভোলা জেলার দক্ষিণ আইচা থানার জন্য বিদ্যমান পদের অতিরিক্ত ১৭টি পদ সৃজন
৩২.	পটুয়াখালী জেলার কলাপাড়া থানাধীন মহিপুর তদন্ত কেন্দ্রকে থানায় উন্নীতকরণ এবং এর কার্যক্রম পরিচালনার জন্য বিদ্যমান পদের অতিরিক্ত ১৫ টি পদ সৃজনের মঞ্জুরী
৩৩.	নরসিংদী জেলার সদর থানাধীন মাধবদী তদন্ত কেন্দ্রকে থানায় উন্নীতকরণ এবং এর কার্যক্রম পরিচালনার জন্য বিদ্যমান পদের অতিরিক্ত ২৩ টি পদ সৃজনের মঞ্জুরী
৩৪.	ময়মনসিংহ রেঞ্জ অফিস গঠনের জন্য ৪৫ টি পদ সৃজন এবং ১০ টি যানবাহন টিওএন্ডইভুক্তকরণ

ওয়েলফেয়ার এন্ড পেনশন সংক্রান্তঃ

গত ২৬/০৪/২০১৬ খ্রি. তারিখ ২০১৫ সালে কর্তব্যরত অবস্থায় মৃত্যুবরণকারী ১২৬ জন পুলিশ কর্মকর্তা/কর্মচারীর পরিবারবর্গকে সম্মাননা প্রদান করা হয়েছে। উক্ত সম্মাননা প্রদান অনুষ্ঠানে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ইন্সপেক্টর জেনারেল, বাংলাশে পুলিশ এবং ঢাকাস্থ সকল পুলিশ ইউনিটের উর্ধ্বতন পুলিশ কর্মকর্তাসহ বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

কনফিডেন্সিয়াল শাখা সংক্রান্তঃ

(ক) পুলিশ কর্মকর্তা/কর্মচারীদের সাহসিকতা ও বীরত্বপূর্ণ এবং সৃজনশীল কাজের স্বীকৃতিস্বরূপ বিপিএম/পিপিএম পদক এবং "IGP' s Exemplary Good Services Badge" প্রদান সংক্রান্ত কার্যাবলী সম্পাদন।

(খ) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের বিচারক, প্রসিকিউটর, সাক্ষী ও আদালতের নিরাপত্তা সংক্রান্ত কার্যাবলী সমন্বয়।

(গ) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল কর্তৃক রায় ঘোষণার সময়ে বিভিন্ন গোয়েন্দা তথ্যের সংকলন ও এর আলোকে সংশ্লিষ্ট জেলা/ইউনিট কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

(ঘ) বিশ্ব ইজতেমা ২০১৬ প্রথম এবং দ্বিতীয় পর্যায়, ঈদ-উল-ফিতর ২০১৫, ঈদ-উল-আযহা ২০১৫, মহররম-আশুরা, ঈদ-ই-মিলাদুন্নবী, পবিত্র-শব-ই-মিরাজ, শব-ই-বরাত, দুর্গাপূজা ২০১৫ এবং অন্যান্য ধর্মীয় উৎসব তথা, বড় দিন, বৌদ্ধ-পূর্ণিমাসহ এর উদযাপনে বিভিন্ন ইউনিটকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং সমন্বয় সাধন।

(ঙ) বাংলাদেশ, ইংল্যান্ড, ভারত পাকিস্তান ও আফগানিস্তানসহ ৫টি দেশের শারীরিক প্রতিবন্ধীদের নিয়ে আন্তর্জাতিক ক্রিকেট উদযাপন উপলক্ষে নিরাপত্তা সংক্রান্তে সমন্বয় ও তদারকি সম্পাদন।

(চ) বিপিএল (বাংলাদেশ প্রিমিয়ার লীগ) এবং 'বঙ্গবন্ধু গোল্ডকাপ আন্তর্জাতিক ফুটবল টুর্নামেন্ট', ১৬টি দেশের অনূর্ধ্ব ১৯ ক্রিকেট দলের অংশগ্রহণে আইসিসি ইউ-১৯ ক্রিকেট ওয়ার্ল্ড কাপ-২০১৬ এবং এশিয়া কাপ বাংলাদেশ ২০১৬ উপলক্ষে নিরাপত্তা সংক্রান্তে সমন্বয় ও তদারকি সম্পাদন।

(ছ) ভারত, জিম্বাবুয়ে জাতীয় ক্রিকেট দলের বাংলাদেশ সফর উপলক্ষে নিরাপত্তা সংক্রান্তে সমন্বয় ও তদারকি সম্পাদন।

(জ) বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক গুরুত্বপূর্ণ দিবসসমূহ যেমনঃ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস (২১শেফেব্রুয়ারি), ঐতিহাসিক ৭ই মার্চ, মহান স্বাধীনতা দিবস (২৬ শে মার্চ), ১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস, ১৫ আগস্ট জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকী, ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবি দিবস এবং মহান বিজয় দিবস (১৬ই ডিসেম্বর), বাংলা নববর্ষ (১লা বৈশাখ), থার্টিফার্স্ট নাইট (ইংরেজি নববর্ষসহ) সকল গুরুত্বপূর্ণ ইভেন্ট/অনুষ্ঠানাদিতে কোনরূপ অপ্রীতিকর ঘটনা ব্যতীত উদযাপন/অনুষ্ঠানের জন্য সকল পুলিশ ইউনিট/জেলা পুলিশের করণীয় নির্ধারণ এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন নিশ্চিত করার মাধ্যমে সফলভাবে ইভেন্টসমূহ সম্পন্ন করতে সর্বাত্মক ব্যবস্থা গ্রহণ।

<u>মিডিয়া এন্ড পাবলিক রিলেশন্স সংক্রান্তঃ</u>

(ক) প্রেস ক্লিপিং- প্রতিবেদনাধীন অর্থ বছরে আইন-শৃঙ্খলা, পুলিশ বাহিনীর কার্যক্রম, নতুন ইউনিট স্থাপন, নিয়োগ-বদলি ইত্যাদি এবং রাজনৈতিক ও সামাজিক বিষয়ে দেশের বিভিন্ন জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত রিপোর্টের প্রায় ১৪ হাজার ৯৬৭টি পেপার ক্লিপিং ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ মহোদয়সহ উর্ধ্বতন পুলিশ কর্মকর্তাদের গোচরীভূত করা হয়েছে।

(খ) বিভিন্ন ইউনিটে প্রেস ক্লিপিং প্রেরণ- পুলিশ এবং আইন-শৃঙ্খলা সংক্রান্ত বিভিন্ন জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত রিপোর্ট সম্পর্কে তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ/প্রতিবেদন প্রেরণ/দৃষ্টি আকর্ষণের জন্য ৬ হাজার ২৬৪টি প্রেস ক্লিপিং পুলিশের বিভিন্ন ইউনিটে প্রেরণ করা হয়েছে।

(গ) প্রেস রিলিজ- দৈনন্দিন পুলিশি কার্যক্রম, পুলিশের বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম, নতুন ইউনিট স্থাপন, জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশ পুলিশের কার্যক্রম এবং অবদান ইত্যাদি সম্পর্কে প্রায় ৮৯টি প্রেস রিলিজ এবং ছবি প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার/প্রকাশের ব্যবস্থা করা হয়েছে।

(ঘ) প্রেস কনফারেন্স/প্রেস ব্রিফিং- প্রতিবেদনাধীন সময়ে আইন-শৃঙ্খলা এবং পুলিশ সংক্রান্তে পুলিশ হেডকোয়ার্টার্স এবং পুলিশের বিভিন্ন ইউনিট সর্বমোট ১২টি প্রেস কনফারেন্স/প্রেস ব্রিফিং এর আয়োজন করেছে।

(ঙ) পত্রিকায় প্রকাশিত ক্রোড়পত্র ও বিবরণ-পুলিশ সপ্তাহ ২০১৬ উদযাপন উপলক্ষে ক্রোড়পত্রের ডিজাইন প্রস্তুতপূর্বক ১৭টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের ব্যবস্থা করা হয়েছে।

(চ) ডকুমেন্টারি তৈরি ও বিবরণ- পুলিশ হেডকোয়ার্টার্স থেকে ঈদ উপলক্ষে জনসচেতনতামূলক ডকুমেন্টারি তৈরি ও প্রচারের ব্যবস্থা করা হয়েছে।

(ছ) মিডিয়া হাউজ পরিদর্শন- প্রতিবেদনাধীন সময়ে পুলিশ হেডকোয়ার্টার্সের মিডিয়া এন্ড পাবলিক রিলেশন্স শাখা থেকে ২৪টি প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া হাউজ পরিদর্শন করে সংশ্লিষ্ট হাউজে কর্মরত সংবাদকর্মীদের সাথে পুলিশ-মিডিয়া সম্পর্ক, পুলিশ সংক্রান্ত কভারেজ ইত্যাদি বিষয়ে মতবিনিময় করা হয়েছে।

(জ) পুলিশ সপ্তাহ ২০১৬ উদ্‌যাপন- গত ২৩-২৭ জানুয়ারি, ২০১৬ তারিখ পর্যন্ত উৎসব ও আনন্দমুখর পরিবেশে পুলিশ সপ্তাহ উদ্‌যাপিত হয়েছে। পুলিশ সপ্তাহের নানা আয়োজনের সংবাদ প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার/প্রকাশের ব্যবস্থা করা হয়েছে। বার্ষিক পুলিশ প্যারেড অনুষ্ঠান বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ টেলিভিশন ওয়ার্ল্ড এবং বাংলাদেশ বেতারসহ অন্যান্য বেসরকারি টেলিভিশন চ্যানেলে সরাসরি সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হয়। পুলিশ সপ্তাহ ২০১৬ এর বিভিন্ন অনুষ্ঠান যেমন- আগামীকাল পুলিশ সপ্তাহ শুরু, উর্ধ্বতন পুলিশ অফিসারগণের সাথে মাননীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রীর সম্মেলন, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা, বাংলাদেশ পুলিশ সার্ভিস এসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভা, IGP' s Exemplary Good Services Badge প্রদান ইত্যাদি অনুষ্ঠানের প্রেস রিলিজ এবং ছবি প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রেরণ করে ব্যাপক প্রচারের ব্যবস্থা করা হয়েছে। পুলিশ সপ্তাহ উপলক্ষে বাংলাদেশ টেলিভিশনে ধারণকৃত ও প্রচারিত বিশেষ টক শো সকল ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারের ব্যবস্থা করা হয়েছে। পুলিশ সপ্তাহের পুরো সময় জুড়ে অধিকাংশ বেসরকারি টেলিভিশন চ্যানেলে উর্ধ্বতন পুলিশ কর্মকর্তাদের অংশগ্রহণে টক শো আয়োজনের ব্যবস্থা করা হয়েছে।

(ঝ) গণসচেতনতামূলক বিজ্ঞপ্তি/সংবাদ প্রকাশ- ২০১৫-২০১৬ অর্থ বছরে পবিত্র ঈদ-উল-ফিতর, পবিত্র ঈদ-উল-আযহা, বিশ্ব ইজতেমা, দুর্গাপূজা ইত্যাদি ধর্মীয় অনুষ্ঠান নিরাপদ ও নির্বিঘ্নে উদ্‌যাপনের জন্য জনসাধারণকে সম্ভাব্য অপরাধ, বাংলা ও ইংরেজি নববর্ষ, ২১ ফেব্রুয়ারি, ২৬ মার্চ, ১৬ ডিসেম্বর, বাংলাদেশ পুলিশ উইমেন নেটওয়ার্ক এর দ্বিতীয় জাতীয় সম্মেলন, বাংলাদেশে অনুষ্ঠিত বিভিন্ন আন্তর্জাতিক ইভেন্টসহ বিভিন্ন জাতীয় দিবস ও অনুষ্ঠান নিরাপদে উদ্‌যাপনের লক্ষ্যে গৃহীত নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কে সচেতন করার লক্ষ্যে গণসচেতনতামূলক বিজ্ঞপ্তি/সংবাদ প্রকাশের ব্যবস্থা করা হয়েছে।

(ঞ) স্ক্রল নিউজ- পুলিশের আভিযানিক সাফল্য, গ্রেফতার, উদ্ধার এবং জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে পুলিশ সদস্যদের অংশগ্রহণ, নিয়োগ/বদলি ইত্যাদি সংবাদ ইলেকট্রনিক মিডিয়ার সাথে সমন্বয় করে প্রচারের ব্যবস্থা করা হয়েছে।

(ট) বিভ্রান্তিমূলক/নেতিবাচক সংবাদ সম্পর্কে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ- প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারিত পুলিশ এবং আইন-শৃঙ্খলা সংক্রান্ত বিভ্রান্তিমূলক/নেতিবাচক সংবাদ সম্পর্কে মিডিয়া এন্ড পাবলিক রিলেশন্স শাখা থেকে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ এবং প্রতিবাদলিপি প্রেরণ করা হয়েছে।

(ঠ) প্রতিবাদলিপি- প্রতিবেদনাধীন সময়ে ১৮টি দৈনিক পত্রিকায় পুলিশ এবং আইন-শৃঙ্খলা সংক্রান্ত বিভ্রান্তিমূলক সংবাদের প্রতিবাদ জানানো হয়েছে, যা সংশ্লিষ্ট পত্রিকা প্রকাশ করেছে।

(ড) সাংবাদিকদের সাথে যোগাযোগ এবং সমন্বয়- প্রতিবেদনাধীন সময় ক্রাইম রিপোর্টার্স এসোসিয়েশন, বাংলাদেশ (ক্র্যাব) এর সদস্য এবং সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার অপরাধ প্রতিবেদকদের সাথে নিয়মিত যোগাযোগ এবং পুলিশের বিভিন্ন অনুষ্ঠানের প্রচার এবং তথ্য প্রদান সংক্রান্ত কাজের সমন্বয় করা হয়েছে। তাদেরকে পুলিশ সংক্রান্ত বিভিন্ন ইতিবাচক তথ্য সারবরাহ করা হয়েছে। এর মাধ্যমে পুলিশ-সাংবাদিক সম্পর্কের উন্নয়ন ঘটেছে। তাছাড়া বিভিন্ন সাংবাদিক সংগঠন যেমন- বাংলাদেশ ফেডারেল ইউনিয়ন অব জার্নালিস্ট, ঢাকা ইউনিয়ন অব জার্নালিস্ট, ঢাকা রিপোর্টার্স ইউনিট এবং বাংলাদেশ ফটো জার্নালিস্ট এসোসিয়েশন নেতৃবৃন্দের সাথে পুলিশ কার্যক্রম সংক্রান্তে নানা বিষয়ে যোগাযোগ এবং মতবিনিময় করা হয়েছে। এছাড়া প্রতিবেদনাধীন সময়ে বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া হাউজ পরিদর্শন করে ওইসব হাউজে কর্মরত সংবাদকর্মীদের সাথে পুলিশ-মিডিয়া সম্পর্ক উন্নয়নে মতবিনিময় করা হয়েছে।

পাবলিক সেফটি এন্ড ক্রাইম প্রিভেনশন সংক্রান্ত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি ঃ

১. বর্তমানে বাংলাদেশ পুলিশের সকল জেলা ও মেট্রোপলিটন ইউনিটে কমিউনিটি পুলিশিং কার্যক্রম বিস্তৃত রয়েছে। কমিউনিটি পুলিশিং এর চলমান কার্যক্রমকে বাস্তবায়ন করার লক্ষ্যে দেশব্যাপী মোট ৬০১৪১টি কমিটিতে ১০৯৫৮০৬ জন কমিউনিটি পুলিশিং এর সদস্য কাজ করে চলেছে।

ইউনিট	কমিউনিটি পুলিশিং কমিটির সংখ্যা	কমিটির সদস্য সংখ্যা
মেট্রো	২১৪৯	৫৭৮০৭
রেঞ্জ	৫৭৯৯২	১০৩৭৯৯৯
মোট	৬০১৪১	১০৯৫৮০৬

২. পুলিশের সেবাকে অধিকতর গণসম্পৃক্ত করার লক্ষ্যে সারা দেশে কমিউনিটি পুলিশিং কার্যক্রম এবং প্রতিটি থানায় মাসে একবার করে ওপেন হাউজ ডে (Open House Day) আয়োজন অব্যাহত রয়েছে। ওপেন হাউজ ডে (Open House Day) আয়োজনের ফলে অপরাধ দমন ও প্রতিরোধে জনগণ ও পুলিশের সম্পৃক্ততা বৃদ্ধি পেয়েছে। পুলিশ ও জনগণের পারস্পরিক কার্যক্রমের চিত্র তুলে ধরার মাধ্যমে পুলিশের জবাবদিহিতা এবং জনগণের আইন মান্য করার প্রবণতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। তাছাড়াও থানাসমূহে সার্ভিস ডেলিভারী সিস্টেম সক্রিয় রয়েছে।

৩. চলমান কমিউনিটি পুলিশিং কার্যক্রমের মাধ্যমে পুলিশ-জনগণের মিথস্ক্রিয়ার ফলে পুলিশের কাজে জনগণের আস্থা, অংশগ্রহণ, সহযোগিতা ও অংশীদারিত্ব বৃদ্ধি পেয়েছে। অপরাধপ্রবণ এলাকায় জনগণকে সম্পৃক্ত করে পুলিশের সাথে যৌথ উদ্যোগে টহল, পাহারা ও নিরীক্ষণের ফলে অপরাধের মাত্রা নিয়ন্ত্রণ করা সম্ভব হচ্ছে।

৪. সারা দেশের থানাসমূহে সার্ভিস ডেলিভারী সিস্টেমের মাধ্যমে পুলিশের কাছে জনগণের প্রবেশাধিকার নিশ্চিত হচ্ছে এবং পুলিশ ও জনগণ পরস্পরকে জানার সুযোগ বৃদ্ধি পাচ্ছে।

৫. ক্রাইম প্রিভেনশন ও কমিউনিটি পুলিশিং বিষয়ে পুলিশ অফিসার ও কমিউনিটির সদস্যদের প্রশিক্ষণ দানের জন্য পরিকল্পনা প্রণয়ন ও প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা হয়েছে।

৬. কমিউনিটি পুলিশিং কার্যক্রম পরিবহন সেক্টর, হাটবাজার ও স্কুল কলেজে প্রচারনামূলক সভা সমাবেশ আয়োজনের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধিতে সফলতা লাভ করেছে।

৭. পুলিশের কাজে জনগণকে সম্পৃক্ত করে অংশদারিত্বের ভিত্তিতে কাজ করে কমিউনিটি পুলিশিং এর বিভিন্ন ইউনিট ইতোমধ্যে মাদক ব্যবসা, নারী ও শিশু নির্যাতন, বাল্য বিবাহ, যৌতুক ইত্যাদি অপরাধ রোধে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে। এর সফল কয়েকটি উদাহরণ হলো-

- ব্রাহ্মনবাড়িয়া জেলায় নারী ও শিশু নির্যাতনের মামলা অত্যাধিক হওয়ায় জেলার পুলিশ সুপার উইমেন্স সার্পোট সেন্টার নামে একটি বিশেষ সেল স্থাপন করে। এ সেল কমিউনিটি পুলিশিং সহায়তায় জেলায় নারী ও শিশু নির্যাতন আইনের অধীন বিরোধসমূহ নিয়মিত মামলা রুজুর পূর্বেই বিরোধ নিস্পত্তির চেষ্টা করে। ফলে কিছুদিনের মধ্যেই নারী ও শিশু নির্যাতন আইনের অধীন মামলাসমূহ দ্রুত কমতে শুরু করে এবং অনেক পরিবার ভাঙ্গনের হাত থেকে রক্ষা পাচ্ছে।

- জয়পুরহাট জেলার থানা পুলিশ কমিউনিটি পুলিশিং ফোরাম ও স্থানীয় কমিউনিটির সহায়তায় আক্কেলপুর পৌরসভার ১নং ওয়ার্ডের ১৪ জন মাদক ব্যবসায়ীকে সম্মানজনক পেশায় পুনর্বাসন করা হয়েছে। পুনর্বাসন উদ্যোগের মধ্যে রয়েছে মহিলা মাদক ব্যবসায়ীদের সেলাই মেশিন প্রদান, পুরুষদের রিক্সা ভ্যান সরবরাহ, মুরগী প্রতিপালনের জন্য বিশেষ ধরনের যন্ত্র কিনে দেয়া এবং ছোটখাট ব্যবসার জন্য পুঁজি সরবরাহ করা।

- জামালপুর জেলায় কমিউনিটি পুলিশিং কার্যক্রমের আওতায় জেলার বিভিন্ন পর্যায়ের সরকারী কর্মকর্তা, শিক্ষক শিক্ষার্থী এবং দুই হাজার কমিউনিটি পুলিশের সহায়তায় সামাজিক সচেতনতা গড়ে তোলার মাধ্যমে এক বছরে শতাধিক বাল্যবিবাহ বন্ধ করা সম্ভব হয়েছে। ইতোমধ্যেই জাতীয় গণমাধ্যমসমূহ, UNFPA (জাতিসংঘ জনসংখ্যা তহবিল) জামালপুর কমিউনিটি পুলিশের এই উদ্যোগের প্রশংসা করেছে।

- কমিউনিটি পুলিশিং এর প্রচার, প্রসার এবং এর সুফল সম্পর্কে গণসচেতনতা তৈরিতে জনগণের সুচিন্তিত মতামত প্রদানের লক্ষ্যে সামাজিক যোগাযোগ মাধ্যম Facebook- এ "এআইজি ক্রাইম প্রিভেনশন" শিরোনামে একটি Public page খোলা হয়েছে।

- জনবান্ধব পুলিশি ব্যবস্থা নিশ্চিত এবং জনগণকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে আইজিপি মহোদয় নিয়মিতভাবে জেলা পুলিশ কতৃর্ক আয়োজিত বিভিন্ন কমিউনিটি পুলিশিং সমাবেশে যোগদান করছেন যা জনগণের মাঝে অভূতপূর্ব সাড়া জাগিয়েছে।

- অপরাধ প্রতিরোধে সফলতা অর্জন এবং কমিউনিটি পুলিশিং কার্যক্রমের সফল বাস্তবায়নে অভিন্ন প্রক্রিয়া অনুসরনের লক্ষ্যে অতি সম্প্রতি পুলিশ হেডকোয়ার্টার্স হতে **"কমিউনিটি পুলিশিং নির্দেশিকা"** প্রণয়ন করা হয়েছে এবং এ নির্দেশিকা বাংলাদেশ পুলিশের সকল ইউনিটে বিতরন করা হয়েছে।

<u>রিক্রুটমেন্ট এন্ড ক্যারিয়ার সংক্রান্তঃ</u>

(ক) ৯,০৩৬ জন ট্রেইনি রিক্রুট কনস্টেবল (পুঃ/নারী) এর চূড়ান্ত বাছাই কার্যক্রম গত ০২/০২/২০১৬ খ্রি. তারিখে সম্পন্ন করা হয়েছে। বর্তমানে তারা পুলিশের বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্রে ০৬(ছয়) মাস মেয়াদী মৌলিক প্রশিক্ষণরত রয়েছে।

(খ) এসআই (নিরস্ত্র) পদে নিয়োগের নিমিত্ত ১,৫১৭ জনের চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হয়েছে।

<u>ট্রেনিং এন্ড স্পোর্টস্ বিষয়কঃ</u>

ক) বাংলাদেশ পুলিশ একাডেমীতে ৩৩তম বিসিএস শিক্ষানবিস সহকারী পুলিশ সুপার ১৬২ জনের ০১ বছরের মৌলিক প্রশিক্ষণ শেষে সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়েছে।

খ) বাংলাদেশ পুলিশ একাডেমীতে সার্জেন্ট/২০১৫ ব্যাচের ৬১৯জন প্রশিক্ষণার্থীর ৬ মাসের মৌলিক প্রশিক্ষণ শেষে সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়েছে।

গ) বাংলাদেশ পুলিশ একাডেমীতে ১৫তম টিআরসি ব্যাচের ৭৪১ জন প্রশিক্ষণার্থীর ৬ মাসের মৌলিক প্রশিক্ষণ শেষে সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়েছে।

ঘ) পিটিসি রংপুরে ১৫তম নারী টিআরসি ব্যাচ এবং ১৬তম নারী টিআরসি ব্যাচের ২৩৬৭ জনের মৌলিক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হয়েছে।

আইসিটি এন্ড টি সংক্রান্তঃ

এটুআই প্রকল্পের আওতায় বাংলাদেশ পুলিশে ৬২৫ টি ইউনিটে কানেকটিভিটি সংযোগ প্রদান, ১৭ টি ইউনিটে ভিডিও কনফারেন্সিং সিস্টেম এবং বাংলাদেশ পুলিশে ডায়নামিক ওয়েব সাইট চালু করা হয়েছে। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা সহ সকল আন্তর্জাতিক বিমানবন্দর, স্থলবন্দর-এ ইমিগ্রেশন সফটওয়্যার এর নতুন ভার্সন-Fortrac-3 এ webcam, MRP Reader সহ Full version চালু করা হয়েছে। Passport Visa এর সঠিকতা যাচাই করার জন্য হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরসহ সকল আন্তর্জাতিক বিমানবন্দর, স্থলবন্দর-এ Digital Analysis centre স্থাপন করা হয়েছে। Document analysis এর জন্য Digital Analysis centre (DAC) এ নতুন Version VSC 4.0 স্থাপন করা হয়েছে। ইমিগ্রেশনের ডাটাবেজের সঙ্গে Interpol এর Mind ডাটাবেজের ইন্ট্রিগেশন Mind ডাটাবেস ভার্সন Upgradation এবং আগমনী যাত্রীর তথ্য যাচাইয়ের লক্ষ্যে ILT (Interpol Liaison Team) গঠন করা হয়েছে।

স্পেশাল ব্রাঞ্চ সংক্রান্তঃ

- পবিত্র হজ্ব পালনের জন্য ২০১৫ সনে হজ্ব যাত্রীদের বিষয়ে তদন্ত করে ভুয়া হজ্বযাত্রী সনাক্তকরণ এবং কোটাবঞ্চিত হজ্বযাত্রীদের হজ্বে যাওয়ার সুযোগ করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

- এসবি'র প্রক্ষা শাখা বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির বাসভবন, মাননীয় প্রধানমন্ত্রীর সরকারি কার্যালয় ও গণভবনসহ তাঁদের বিভিন্ন কর্মসূচীতে সুষ্ঠুভাবে নিরাপত্তামূলক দায়িত্ব পালন করে থাকে। এছাড়া মাননীয় স্পীকার, প্রধান বিচারপতি, চীপ হুইপ, ডেপুটি স্পীকার, বিরোধী দলীয় নেত্রী, মন্ত্রী, উপদেষ্টা, প্রতিমন্ত্রী, উপ-মন্ত্রী এবং বিভিন্ন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি মন্ডলির সার্বক্ষণিক নিরাপত্তাসহ মহামান্য রাষ্ট্রপতির পরিবারবর্গ এবং জাতির জনকের পরিবারের সদস্যদের নিরাপত্তার দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করে থাকে। বিশ্ব ইজতেমা উপলক্ষে টঙ্গীতে বিপুল মুসল্লী সমাবেশ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ঢাকাস্থ কেন্দ্রীয় শহীদ মিনারে বিপুল জনসমাবেশে বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর আগমন ও অন্যান্য জাতীয় অনুষ্ঠানে (যেমন বিজয় দিবস, স্বাধীনতা দিবস, ঈদ-উল-ফিতর, ঈদ-উল-আযহা, শারদীয় দুর্গোৎসব, জাতীয় শোক দিবস ইত্যাদি) এসবি'র প্রক্ষা শাখার সদস্যগণ নিরাপত্তার দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করেছে।

- বিশ্বের বিভিন্ন দেশের মন্ত্রী ও ভিভিআইপি/ভিআইপিগণের বাংলাদেশ সফর উপলক্ষে এসবি'র প্রক্ষা শাখার সদস্যগণ সমন্বিত নিরাপত্তার দায়িত্ব পালন করেছে।

- সুশাসন প্রতিষ্ঠায় অগ্রণী ভূমিকা পালনের নিমিত্ত পুলিশ হেডকোয়ার্টার্সের নির্দেশানুযায়ী সোনার বাংলা গড়ার প্রত্যয়ে 'জাতীয় শুদ্ধাচার কৌশল' নামক বিষয়টি স্পেশাল ব্রাঞ্চ ট্রেনিং স্কুল কর্তৃক পরিচালিত বিভিন্ন কোর্সের প্রশিক্ষণ মডিউলে অন্তর্ভুক্ত করে পুলিশ সদস্যদের পাঠদান প্রক্রিয়া চলমান আছে। বাংলাদেশ পুলিশের বিভিন্ন ইউনিটে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি, মননশীলতার উন্নয়ন, নেতৃত্বের গুণাবলীর বিকাশ ও প্রয়োগ এবং পেশাদারিত্ব বজায় রেখে দায়িত্ব পালনের নিমিত্ত এসবি ট্রেনিং স্কুল গুণগত মানসম্পন্ন এবং সময়োপযোগী প্রশিক্ষণ প্রদান করে আসছে, যা জাতীয় লক্ষ্য 'রূপকল্প ২০২১' বাস্তবায়নে অন্যতম ভূমিকা পালন করছে।

- পুলিশ হেডকোয়ার্টার্সের নির্দেশানুযায়ী Autism and Neuro developmental Disabilities in Children এর মত জনগুরুত্বপূর্ণ ও স্পর্শকাতর বিষয়টি বাংলাদেশ পুলিশ বিভাগের বিভিন্ন কোর্সের প্রশিক্ষণ মডিউলে সর্বপ্রথম অন্তর্ভুক্ত করে বিশেষজ্ঞ বক্তা দ্বারা পুলিশ সদস্যদের পাঠদান প্রক্রিয়া অব্যাহত আছে।

র‍্যাব কর্তৃক সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

১. বার্ষিক কর্মসূচির আওতায় "০৭ (সাত) টি র‍্যাব কমপ্লেক্স নির্মাণ" শীর্ষক প্রকল্পে ২০১৫-২০১৬ অর্থ সালে সর্বমোট ৭৫০০.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত টাকার মধ্যে জুন ২০১৬ পর্যন্ত ৭৫০০.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা সম্পন্ন বরাদ্দের ১০০%।

২. বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় "০৫ (পাঁচ) টি র‍্যাব কমপ্লেক্স এবং একটি র‍্যাব ফোর্সেস ট্রেনিং স্কুল নির্মাণ" শীর্ষক প্রকল্পে ২০১৫-২০১৬ অর্থ সালে সর্বমোট ১২০০.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত টাকার মধ্যে জুন ২০১৬ পর্যন্ত ১২০০.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা সম্পন্ন বরাদ্দের ১০০%।

৩. র‍্যাব ফোর্সেস সদর দপ্তর নির্মাণের লক্ষ্যে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের নিকট হতে ৮.৫৬ একর জমি অধিগ্রহণসহ হস্তান্তর/গ্রহণ সম্পন্ন হয়েছে। র‍্যাব ফোর্সেস সদর দপ্তর কমপ্লেক্স নির্মাণ প্রকল্পের ডিপিপি বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি'র) সবুজ পাতায় "অগ্রাধিকার ক্রম-২" এ অন্তর্ভুক্ত রয়েছে। গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে ডিপিপি পূর্নগঠন করে প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

৪. র‍্যাব ফোর্সেস ট্রেনিং স্কুল নির্মাণের লক্ষ্যে গাজীপুরে বন বিভাগের (১৯.৯৭+৭৭) ২১.৭৪ একর জমি পাওয়া গেছে। উক্ত জমিতে অস্থায়ী স্থাপনা নির্মাণপূর্বক সকল কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও কমপ্লেক্স নির্মাণের আওতায় ফোর্স ব্যারাক, ট্রেইনি ফোর্স ব্যারাক, অফিস ভবন, অফিসার্স মেস, ট্রেনিং সেড নির্মাণের কাজ শুরু করা হয়েছে এবং বর্তমানে কাজগুলো চলমান রয়েছে।

৫. ২০১৫-২০১৬ অর্থ বছরে ভূমি অধিগ্রহণ/ক্রয় খাতে ২০,০০,০০,০০০.০০ (বিশ কোটি টাকা মাত্র) টাকা বরাদ্দ পাওয়া যায়। র‍্যাব-৮, বরিশাল এর ব্যাটালিয়ন সদর এর ০.০৩ একর জমি অধিগ্রহণ বাবদ ৮,৭১,৪০৩.১৭ (আট লক্ষ একাত্তর হাজার চারশত তিন টাকা সতের পয়সা মাত্র) টাকা এবং র‍্যাব-৯, সিপিসি-৩, সুনামগঞ্জ ক্যাম্পের জন্য ৩.১৯ একর জমি অধিগ্রহণ বাবদ ৬,৬০,৯৩,০৬৭.৫২ (ছয় কোটি ষাট লক্ষ তিরানব্বই হাজার সাতষট্টি টাকা বাহান্ন পয়সা মাত্র) টাকা প্রদান করা হয়েছে। এছাড়াও র‍্যাব-৫, রাজশাহী এর সিপিসি-১, চাঁপাইনবাবগঞ্জ ক্যাম্প এর ৩.০৩ একর, সিপিসি-২, বাঘমারা ক্যাম্পের ৪.০০ একর এবং সিপিসি-৩, জয়পুরহাট ক্যাম্পের ৩.০০ একর জমি অধিগ্রহণের অবশিষ্ট মূল্য বাবদ ১১,৭৭,৩৮,১১৯.৯৮ (এগার কোটি সাতাত্তর লক্ষ আটত্রিশ হাজার একশত উনিশ টাকা আটানব্বই পয়সা মাত্র) টাকা প্রদান করা হয়েছে।

৬. র‍্যাব প্রিজন ইনমেট ডাটাবেজ- বর্তমানে অপরাধীরাও যুগের সাথে তাল মিলিয়ে ব্যবহার করছে নিত্য নতুন প্রযুক্তি। এলিট ফোর্স র‍্যাবও সর্বদা দুষ্কৃতিকারীদের চেয়ে অত্যাধুনিক প্রযুক্তির সংযোজন ও তা দক্ষ হাতে ব্যবহার করে। ঐ সকল অপরাধীদের দমনে র‍্যাব ফোর্সেস গত ০৭ ফেব্রুয়ারি/১৬ তারিখ হতে র‍্যাব এর নিজস্ব তত্ত্বাবধানে অত্যাধুনিক যুগোপযোগী প্রযুক্তি নির্ভর অপরাধ সনাক্তকরণ ব্যবস্থা AFIS (Automated Finger Print Identification System) সম্বলিত র‍্যাব প্রিজন ইনমেট ডাটাবেজ সিস্টেম চালু করে। র‍্যাব ফোর্সেস সদর দপ্তরের সহিত ৬৮টি কারাগারে অপটিক্যাল ফাইবার দিয়ে WAN ডাটা কানেক্টিভিটি স্থাপন করা হয়েছে। যাহার মাধ্যমে প্রতিনিয়ত আগত ও বাহিরে গমনকৃত আসামী ও কয়েদীদের ডাটা র‍্যাব প্রিজন ইনমেট ডাটাবেজ এ আপডেট করা হয়। ইতোমধ্যে প্রায় ৪৪০০ কয়েদী ও হাজতীদের বায়োমেট্রিক ডাটা সহ প্রোফাইল এই ডাটাবেজ এ তালিকাভুক্ত করা হয়েছে এবং অন্যান্য কারাগারে বিদ্যমান হাজতীদের তালিকাভুক্তির কার্যক্রম চলমান আছে।

৭. র‍্যাবে কর্মরত নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ মোবাইলকোর্ট পরিচালনা করে ১৯৪৬ জন দোষী ব্যক্তির বিরুদ্ধে ১৩৪৮ টি মামলা দায়ের এবং ১৪,৩৭,৭১,৩০০.০০ (চৌদ্দ কোটি সাঁইত্রিশ লক্ষ একাত্তর হাজার তিনশত) টাকা জরিমানা করেন।